# এস এস সি পরীক্ষা ২০১৬ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

## কৃষিশিক্ষা

বিষয় কোড : | ১ | ৩ | ৪ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৪০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১. ▶ কৃষি কাজ ও কৃষি প্রযুক্তি একে অপরের পরিপূরক। প্রতিটি কৃষি কাজের সাথে সুনির্দিষ্ট কৃষি প্রযুক্তির সম্পর্ক রয়েছে। বর্তমানে কৃষি আর শুধু পারিবারিক খাদ্য সংস্থাপনের বিষয় নয়। কৃষি বিজ্ঞানীরা উচ্চতর জ্ঞান সমৃদ্ধ কৃষি প্রযুক্তি উদ্ভাবন করেছেন। যার ফলশ্রুতিতে কৃষিতে এসেছে বৈপ্লবিক পরিবর্তন। নিয়ন্ত্রিত হয়েছে ভূমিক্ষয়, রোগবালাই ইত্যাদি।

ক. কৃষি প্রযুক্তি কী? ১

খ. ভূমিক্ষয় রোধ কীভাবে করা যায়? ২

গ. ভূমিক্ষয় ক্ষতির বিভিন্ন দিকগুলো আলোচনা কর। ৩

ঘ. শস্য ভাণ্ডার সমৃদ্ধকরণে কৃষি প্রযুক্তি মুখ্য ভূমিকা পালন করে। তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

২. ▶ রাজিব সাহেবের বাড়িতে ৪০ বছরের পুরনো একটি সেগুন গাছ ছিল। তিনি ঐ গাছটি তার মেয়ের বিয়ের সময় কেটে তা দিয়ে মেয়েকে ফার্নিচার বানিয়ে দেন। তিনি শ্রমিকদের গাছ কাটার সঠিক নিয়ম অনুসরণ করতে বলেন, যাতে কাঠের অপচয় না হয়। তার গাছটির লগের দৈর্ঘ্য ছিল ৮ মিটার, চিকন মাথার বেড় ২.৫ মিটার, মাঝের অংশের বেড় ৩.০ মিটার এবং মোটা মাথার বেড় ৩.৫ মিটার।

ক. কাঠ সিজনিং কী? ১

খ. কাঠ সংরক্ষণের মূলনীতি ব্যাখ্যা কর। ২

গ. উপর্যুক্ত গাছটির ভলিউম নির্ণয় কর। ৩

ঘ. গাছ কর্তনে রাজিব সাহেবের গৃহীত কার্যক্রম মূল্যায়ন কর। ৪

৩. ▶ ফিরোজ মিয়ার বাড়ির গবাদি পশুর খামারে কয়েকটি দেশি ও বিদেশি জাতের গরু-ছাগল রয়েছে। কিন্তু তিনি গবাদি পশুর স্বাস্থ্য রক্ষায় নানা সমস্যায় পড়েন। উপজেলা পশু কর্মকর্তার পরামর্শে তিনি পশু পালনে লাভবান হন।

ক. হলস্টাইন ফ্রিজিয়ান ও জার্সি প্রতিদিন কত লিটার দুধ দেয়? ১

খ. ব্ল্যাক বেঙ্গাল ছাগল পালন অধিক লাভজনক কেন? ২

গ. পশু কর্মকর্তা সমস্যা সমাধানে কী কী পরামর্শ দেন তা বর্ণনা কর। ৩

ঘ. ফিরোজ মিয়া পশু কর্মকর্তার পরামর্শে কীভাবে লাভবান হলো তা ব্যাখ্যা কর। ৪

Teachingbd.com

http://teachingbd.com

৪. ▶ মৎস্য কর্মকর্তা আতিক সাহেব, জ্যৈষ্ঠের এক দুপুরে বাড়ি যাওয়ার পথে রাস্তার দু'ধারে খালের পানিতে লোকজনকে মাছ ধরতে দেখলেন। তিনি পথে থেমে তাদের ডেকে আনলেন এবং দেখলেন তারা প্রত্যেকে শোল, টাকি এবং ডিমওয়ালা মাছ ধরছে। তিনি তাদেরকে পোনা ধরার কুফল ও মৎস্য সংরক্ষণ সম্পর্কে বুঝিয়ে বললেন। তারা সকলে পোনা মাছ ও ডিমওয়ালা মাছ না ধরার অঙ্গীকার করলেন।

ক. মাছ চাষে বাংলাদেশের অবস্থান কত? ১

খ. জলবায়ু পরিবর্তনের কারণে মৎস্য চাষির আয় কমে যাচ্ছে কেন? ব্যাখ্যা কর। ২


গ. প্রদত্ত তথ্যের আলোকে মৎস্য সম্পদ সম্প্রসারণে কী কী পদক্ষেপ গ্রহণ করা যায়? বর্ণনা কর। ৩

ঘ. বাংলাদেশের বর্তমান প্রেক্ষাপটে মৎস্য সংরক্ষণ আইনের ধাপগুলো সম্পর্কে বিশ্লেষণ কর। ৪

৫. ▶



চিত্র নং-১



চিত্র নং-২

Teachingbd.com

ক. কৃষিতত্ত্ব অনুসারে বীজ কাকে বলে? ১

খ. ২নং চিত্রটিকে বীজ বলা হয় কেন? ২

গ. ২নং চিত্রের বীজ কীভাবে সংগ্রহ ও সংরক্ষণ করা হয়? ৩

ঘ. বংশবিস্তারক উপকরণের প্রতিনিধি হিসেবে ২নং চিত্রের গুরুত্ব বিশ্লেষণ কর। ৪

৬. ▶ জামিল সাহেব মৎস্য কর্মকর্তা। তিনি তার বাড়ির পাশে মাসুদ মিয়ার পুকুরে মাছ চাষ সম্পর্কে বিভিন্ন খুঁটিনাটি বিষয় জেনে নেন।

ক. রাক্ষুসে মাছ কী? ১

খ. চুন প্রয়োগের উপকারিতা কী? ২

গ. মাসুদ মিয়া কীভাবে তার পুকুরে প্রাকৃতিক খাদ্য পরীক্ষা করেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. মাসুদ মিয়া জামিল সাহেবের পরামর্শ অনুযায়ী পুকুরে কীভাবে পোনা ছাড়বেন বলে মনে কর। ৪

http://teachingbd.com

# কৃষিশিক্ষা : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৩৫ মিনিট | পূর্ণমান — ৩৫ | বিষয় কোড : ১ ৩ ৪

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. উদ্ভিদতাত্ত্বিক বীজ কোনটি?**
ⓚ আদা ⓚh কচু
(ক) আদা (খ) কচু
(গ) হলুদ (ঘ) বরবটি

**২. কয়টি পর্যায়ে বীজ রোগিং করতে হয়?**
(ক) ২ (খ) ৩
(গ) ৪ (ঘ) ৫

**৩. এক হেক্টর জমিতে কত কেজি বীজ আলুর প্রয়োজন?**
(ক) ৫০০-৭০০ (খ) ৬০০-৮০০
(গ) ৭০০-৯০০ (ঘ) ৮০০-১০০০

**৪. অঙ্গজ বীজ হলো —**
i. আদা
ii. আনারসের মুকুট
iii. কাকরোলের মূল
**নিচের কোনটি সঠিক?**
(ক) i, ii (খ) i, iii
(গ) ii, iii (ঘ) i, ii ও iii

**৫. আলু সংগ্রহের কতদিন পূর্বে হাম পুলিং করতে হয়?**
(ক) ৮-৭ (খ) ৫-৮
(গ) ৬-৯ (ঘ) ৭-১০

**৬. পুকুরের পানির গুণাগুণকে কত ভাগে ভাগ করা যায়?**
(ক) ২ (খ) ৩
(গ) ৪ (ঘ) ৫

**৭. মাছ চাষের পুকুর কত বছর পরপর শুকানো উচিত?**
(ক) ২-৩ (খ) ৩-৪
(গ) ৪-৫ (ঘ) ৫-৬

**৮. পৃথক পৃথক রেশন তৈরী করা যায় —**
i. দেশী মুরগি
ii. ব্রয়লার মুরগি
iii. ডিম পাড়া মুরগি
**নিচের কোনটি সঠিক?**
(ক) i, ii (খ) i, iii
(গ) ii, iii (ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দাও :**
রফিক তার পুকুরে মিশ্র চাষের মাধ্যমে মাছ উৎপাদন করে। কিন্তু তেমন লাভজনক না হওয়ায় মৎস্য কর্মকর্তা তার পুকুরে অধিক উৎপাদনের জন্য সম্পূরক খাদ্য প্রয়োগ করতে বললেন?

**৯. রফিক তার পুকুরে গ্রাসকার্প ও সরপুঁটি মাছের জন্য কোন প্রকারের সম্পূরক খাদ্য তৈরী করবে।**
(ক) ক্ষুদিপানা (খ) সরিষার তৈল
(গ) চালের কুঁড়া (ঘ) ফিশমিল

**১০. মৎস্য কর্মকর্তার সম্পূরক খাদ্যের ওপর জোর দেওয়ার কারণ —**
i. পুষ্টি চাহিদা পূরণ
ii. প্রাকৃতিক খাদ্য উৎপাদন বৃদ্ধি
iii. বেশী উৎপাদন পাওয়া
**নিচের কোনটি সঠিক?**
(ক) i, ii (খ) i, iii
(গ) ii, iii (ঘ) i, ii ও iii

**১১. মৎস্য সংরক্ষণ আইনটি কত সালে প্রণীত হয়?**
(ক) ১৯৪০ (খ) ১৯৪৫
(গ) ১৯৫০ (ঘ) ১৯৫৫

**১২. বাংলাদেশে কোন জেলায় গমের ফলন ভাল হয়?**
(ক) যশোর (খ) নোয়াখালী
(গ) গাজীপুর (ঘ) দিনাজপুর

**১৩. কোনটি রবি মৌসুমের ফসল?**
(ক) চিনাবাদাম (খ) ভূট্টা
(গ) পাট (ঘ) রোপা আমন

**১৪. বরেন্দ্র ও মধুপুর অঞ্চলের বেশীর ভাগ জমি হলো —**
i. উঁচু
ii. বেশী উঁচু
iii. মাঝারি উঁচু
**নিচের কোনটি সঠিক?**
(ক) i, ii (খ) i, iii
(গ) ii, iii (ঘ) i, ii ও iii

**১৫. ক্ষেত থেকে ফসল কাটার সময় বীজের আর্দ্রতা কত থাকে?**
(ক) ১৮-৪০% (খ) ২০-২৫%
(গ) ৩৫-৪০% (ঘ) ৪৯-৫০%

**নিচের উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭ নং প্রশ্নের উত্তর দাও :**
চাঁদপুর জেলার একজন জেলে সৈয়দ আউলিয়া পয়েন্টে ১৯ অক্টোবর মাছ ধরে মৎস্য আইন ভঙ্গ করায় তাকে শাস্তি ভোগ করতে হবে।

**১৬. ঐ জেলে কোন মাছ ধরেছিল?**
(ক) রুই মাছ (খ) চিংড়ি মাছ
(গ) ইলিশ মাছ (ঘ) কোরাল মাছ

**১৭. প্রজনন ক্ষেত্রে প্রতি বছর কোন সময়কাল উক্ত মাছ ধরা নিষেধ?**
(ক) ১-১০ আশ্বিন (খ) ১-২০ আশ্বিন
(গ) ১-৩০ আশ্বিন (ঘ) ১-৩০ আশ্বিন

Teachingbd.com

১৮. কোনটি দেশী পাটের জাত?

ক) সিডিএল-১ খ) ও-৮

গ) এইচসি-২ ঘ) এইচসি-২৪

১৯. মিষ্টি কুমড়ায় প্রচুর পরিমাণে আছে কোন ভিটামিন?

ক) এ খ) বি

গ) সি ঘ) ডি

২০. কোন ফুলকে ফুলের রাণী বলা হয়?

ক) জবা খ) বেলী

গ) রজনীগন্ধা ঘ) গোলাপ

২১. কোনটি ক্যাট ফিশ?

ক) পুঁটি খ) কই

গ) টাকি ঘ) শিং

২২. সর্দি কাশিতে উপকারী উদ্ভিদ কোনটি?

ক) থানকুনি খ) তুলসী

গ) নিম ঘ) সর্পগন্ধা

২৩. ম্যানগ্রোভ বনের প্রধান বৃক্ষ কোনটি?

ক) গোলপাতা খ) গেওয়া

গ) পশুর ঘ) সুন্দরী

২৪. মাছের সম্পূরক খাদ্য হিসেবে আমাদের দেশে ব্যবহৃত হয় —

i. গমের ভুসি
ii. ফিশমিল
iii. ক্ষুদিপানা

নিচের কোনটি সঠিক?

ক) i, ii খ) i, iii

গ) ii, iii ঘ) i, ii ও iii

২৫. উত্তম লবণাক্ততা সহিষ্ণু উদ্ভিদ হচ্ছে —

i. বার্লি ii. খেজুর
iii. মসুর

নিচের কোনটি সঠিক?

ক) i, ii খ) i, iii

গ) ii, iii ঘ) i, ii ও iii

২৬. লবণাক্ত মাটি থেকে ফসলের কোনটি সংগ্রহ করতে অসুবিধা হয়?

ক) ক্যালসিয়াম খ) পটাশিয়াম

গ) অক্সিজেন ঘ) পানি

২৭. সর্বনিম্ন কী পরিমাণ জমি না হলে একটি কৃষি খামার পরিচালনা করা যায় না?

ক) ১ হেক্টর খ) ২ হেক্টর

গ) ৩ হেক্টর ঘ) ৪ হেক্টর

২৮. রুই, কাতলা, মৃগেল মাছ কত বয়সে ডিম পাড়ার উপযুক্ত হয়?

ক) ছয় মাস খ) এক বছর

গ) দেড় বছর ঘ) দুই বছর

২৯. নিম্ন তাপমাত্রার ফলে —

i. ফসলের জীবনকাল বৃদ্ধি পায়
ii. ফসলের পরাগায়ণ ব্যহত হয়
iii. ফসলের জীবনকাল হ্রাস পায়

নিচের কোনটি সঠিক?

ক) i, ii খ) ii, iii

গ) i, iii ঘ) i, ii ও iii

৩০. ছোট ও মাঝারী আকারের পুকুর —

i. অধীকতর উৎপাদনশীল
ii. এর মাছ আকারে ছোট হয়
iii. ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষণের জন্য সুবিধাজনক

নিচের কোনটি সঠিক?

ক) i, ii খ) i, iii

গ) ii, iii ঘ) i, ii ও iii

নিচের উদ্দীপকটি পড়ে ৩১ ও ৩২ নং প্রশ্নের উত্তর দাও:

জলবায়ু পরিবর্তনের ফলে কাদের মোল্লা তার স্বল্প গভীর পুকুরে মাছ চাষে সমস্যায় পড়েন। এতে করে পোনা উৎপাদন ব্যাহত হচ্ছে।

৩১. কাদের মোল্লার পুকুরের সমস্যাটির কারণ কী?

ক) আলো খ) তাপমাত্রা

গ) বায়ুপ্রবাহ

ঘ) টোপাপানা

৩২. উক্ত সমস্যাটির প্রভাব —

i. মাছ রোগাক্রান্ত হয় ii. মাছের মৃত্যু হার বেড়ে যায়
iii. মাছ চাষীর আয় বেড়ে যায়

নিচের কোনটি সঠিক?

ক) i, ii খ) i, iii

গ) ii, iii ঘ) i, ii ও iii

৩৩. কোন ধরনের মাটি টমেটো চাষের জন্য অনুপযোগী?

ক) দোঁআশ খ) বেলে দোঁআশ

গ) বেলে ঘ) এঁটেল দোঁআশ

৩৪. মাছের প্রধান প্রাকৃতিক খাবার কোনটি?

ক) সার খ) পানি

গ) শৈবাল ঘ) ফাইটোপ্লাংকটন

৩৫. পণ্য নিরাপদ পরিবহণের জন্য গুরুত্বপূর্ণ বিষয় কোনটি?

ক) রোদে শুকানো

খ) যানবাহণ ধীরে চালানো

গ) পণ্যের মিশ্রণ

ঘ) যথাযথ প্যাকিং

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| উত্তর | ১ | ঘ | ২ | খ | ৩ | খ | ৪ | ঘ | ৫ | ঘ | ৬ | ক | ৭ | খ | ৮ | গ | ৯ | ক | ১০ | খ | ১১ | গ | ১২ | ঘ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ক | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | ক | ১৯ | ক | ২০ | ঘ |
| | ২১ | ঘ | ২২ | খ | ২৩ | ঘ | ২৪ | ঘ | ২৫ | ক | ২৬ | ঘ | ২৭ | ক | ২৮ | ঘ | ২৯ | ক | ৩০ | খ | ৩১ | খ | ৩২ | ক | ৩৩ | গ | ৩৪ | ঘ | ৩৫ | ঘ | | | | | | | | | | |

Teachingbd.com

http://teachingbd.com